

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২৮

সোনামুড়া, ১ জানুয়ারি, ২০২৪

৩দিনব্যাপী অদ্বৈত মল্লবর্মণ উৎসবের উদ্বোধন
অদ্বৈত মল্লবর্মণ সমাজের অবহেলিত সম্প্রদায়ের
মানুষের কথা লিখে গেছেন : মুখ্যমন্ত্রী

অদ্বৈত মল্লবর্মণ সমাজের অবহেলিত সম্প্রদায়ের মানুষের কথা লিখে গেছেন। তাঁর অন্যতম উপন্যাস ‘তিতাস একটি নদীর নাম’ একটি বিখ্যাত উপন্যাস। এই উপন্যাসে সমাজের সে সময়ের কথা ফুটে উঠেছে। আজ ব্রাত্য জীবনের মহাকাব্য তিতাস একটি নদীর নামের স্রষ্টা কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে সোনামুড়া মহকুমার কেমতলিতে আয়োজিত এক অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অদ্বৈত মল্লবর্মণের শিক্ষা ও কর্মজীবনের বিভিন্ন দিক তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সময়ে সমাজ গঠনের ক্ষেত্রে কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের লেখা খুবই প্রাসঙ্গিক। উল্লেখ্য, তপশিলি জাতিকল্যাণ দপ্তরের উদ্যোগে কেমতলির অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আজ থেকে শুরু হয়েছে অদ্বৈত মল্লবর্মণ উৎসব। আগামী ৩ জানুয়ারি এই উৎসবের সমাপ্তি হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। তপশিলি জাতি অংশের মানুষের কল্যাণে বিভিন্ন কর্মসূচি রূপায়িত করছে। সবকা সাথ সবকা বিকাশ সরকারের মূল লক্ষ্য। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গদর্শনে রাজ্য সরকার কৃষক, যুবক, মহিলা ও গরীব অংশের মানুষের কল্যাণে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, তপশিলি জাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষায় উৎসাহিত করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস (দত্ত), ত্রিপুরা তপশিলি জাতি সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান বিধায়ক পিনাকী দাস চৌধুরী ও বিধায়ক কিশোর বর্মণ। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা তপশিলি জাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্র। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলার জেলাশাসক নাগেশ কুমার বি, পুলিশ সুপার বি জে রেড্ডি, সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জওহরলাল ঘোষ প্রমুখ।
